



'সমানো মন্ত্র: সমিতি: সমানী'

UNIVERSITY OF NORTH BENGAL
B.A. Honours 6th Semester Examination, 2023

DSE-P3-BENGALI (3A/3B)

NEW SYLLABUS

Time Allotted: 2 Hours

Full Marks: 60

The figures in the margin indicate full marks.

**The question paper contains paper DSE-3A and DSE-3B.
The candidates are required to answer any *one* from *two* papers.
Candidates should mention it clearly on the Answer Book.**

DSE-3A

- ১। নিম্নলিখিত যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও: ৩×৪ = ১২
- (ক) রবীন্দ্রনাথ ঠাকুরের 'ছিন্নপত্রাবলী' নামে 'ছিন্ন' শব্দটি সংযোজনের কারণ ব্যাখ্যা করো।
- (খ) ছিন্নপত্রগুলির রচনাকাল উল্লেখ করো। এই পত্রাবলীর দু'জন প্রাপক-প্রাপিকার নাম লেখো।
- (গ) 'আমার জীবন' রচয়িতার জীবৎকাল উল্লেখ করো। গ্রন্থটির প্রকাশকাল কত? এই গ্রন্থের ভূমিকা কে লিখেছিলেন?
- (ঘ) অবনীন্দ্রনাথ ঠাকুরের 'আপন কথা' গ্রন্থের তিনটি পরিচ্ছেদের নাম উল্লেখ করো।
- (ঙ) 'বিবেকানন্দের পত্রাবলী'র ১৩ সংখ্যক (১৭ই আগস্ট, ১৮৮৯) পত্রে উল্লিখিত তিনটি প্রশ্ন নিজের ভাষায় লেখো।
- (চ) রাসসুন্দরী দেবীর সংক্ষিপ্ত পরিচয় দাও।
- ২। নিম্নলিখিত যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও: ৬×৪ = ২৪
- (ক) 'ছিন্নপত্রাবলী'র ১৬ নং পত্র অবলম্বনে বেদে সম্প্রদায়ের পরিচয় দাও।
- (খ) 'ছিন্নপত্রাবলী'র ভাষারীতির সংক্ষিপ্ত পরিচয় দাও।
- (গ) 'বিবেকানন্দের পত্রাবলী'র ৬৭ নং পত্রের (১০ই জুলাই, ১৮৯৩) মূলকথা সংক্ষেপে লেখো।
- (ঘ) বিবেকানন্দের ৭৯ নং পত্র (৩রা মার্চ, ১৮৯৪) অবলম্বনে তাঁর শিক্ষা ও ধর্মচিন্তার পরিচয় দাও।
- (ঙ) রাসসুন্দরী দেবীর 'আমার জীবন' গ্রন্থ অবলম্বনে সেকালের সমাজচিত্রের পরিচয় দাও।
- (চ) অবনীন্দ্রনাথ ঠাকুরের 'আপন কথা' অবলম্বনে সেযুগে ঠাকুর পরিবারে সন্তান প্রতিপালনের রীতিনীতির পরিচয় দাও।
- ৩। নিম্নলিখিত যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও: ১২×২ = ২৪
- (ক) "আমার জীবন" পুস্তকখানি শুধু রাসসুন্দরীর কথা নহে, উহা সেকালে 'হিন্দু রমণীগণের সকলের কথা' — দীনেশচন্দ্র সেনের এই অভিমত কতদূর গ্রহণযোগ্য তা যুক্তিসহ লেখো।
- (খ) অবনীন্দ্রনাথ ঠাকুরের 'আপন কথা' অবলম্বনে 'পদ্মদাসী'র পরিচয় দাও।

- (গ) রবীন্দ্রনাথের 'ছিন্নপত্রাবলী'তে যে প্রকৃতি শ্রীতির পরিচয় পাওয়া যায়, তা তোমার পাঠ্য পত্রগুলি অবলম্বনে আলোচনা করো।
- (ঘ) 'বিবেকানন্দের পত্রাবলী' অবলম্বনে দার্শনিক বিবেকানন্দের পরিচয় দাও।

অথবা

DSE-3B

বাংলা কাব্য, নাটক, উপন্যাস ও ছোটগল্প

- ১। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২
- (ক) 'মরীচিকা'র কবিতাগুলি লেখার সময়সীমা উল্লেখ করে গ্রন্থটির প্রকাশকাল লেখো। কার উদ্যোগে গ্রন্থটির প্রকাশ হয় ?
- (খ) 'সওদাগরের নৌকা' নাটকে উল্লিখিত কাহিনীটির কোনো মধ্যযুগীয় ভিত্তি আছে কী ? যদি থাকে তাহলে তার সঙ্গে নাটকটির কাহিনীর মূল প্রভেদ অনধিক ছ'টি লাইনে লেখো।
- (গ) 'সুবর্ণলতা' উপন্যাসের তিনটি করে নারী ও পুরুষ চরিত্রের নাম লেখো।
- (ঘ) 'পত্রলেখার বাবা' গল্পটিতে পত্রলেখা কে ? তাঁর বাবা ও মায়ের নাম কী ?
- (ঙ) 'চকাচকী' গল্পে 'চকাচকী' কে ? চকাচকী সম্পর্কে আমাদের লোকসমাজে ব্যবহৃত মিথটির পরিচয় দাও।
- (চ) 'সওদাগরের নৌকা' নাটকটির প্রকাশকাল উল্লেখ করে এই নাটকে উল্লিখিত চারটি চরিত্রের নাম লেখো।
- ২। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪
- (ক) 'মরীচিকা' কাব্যগ্রন্থের প্রতিনিধি স্থানীয় কবি হিসেবে 'ঘুমের ঘোরে' কবিতার মূল্যায়ন করো।
- (খ) 'সওদাগরের নৌকা' নাটকে সতী-র গুরুত্ব আলোচনা করো।
- (গ) 'মুক্তকেশী' কে ? সংক্ষেপে তার মানসিকতার পরিচয় দাও।
- (ঘ) 'গণনায়ক' গল্পের নামকরণ কতটা যুক্তিযুক্ত হয়েছে বলে তুমি মনে করো।
- (ঙ) 'বন্যা' গল্পের বিষয়বস্তু নিজের ভাষায় বর্ণনা করো।
- (চ) সুবর্ণলতার স্বামীর নাম লেখো। চরিত্র হিসেবে তার স্বামী উপন্যাসের গতি-প্রকৃতিকে নিয়ন্ত্রণ করতে পেরেছে কিনা আলোচনা করো।
- ৩। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪
- (ক) 'মরীচিকা' কাব্যগ্রন্থের কবিতাগুলি অবলম্বনে কবি যতীন্দ্রনাথ সেনগুপ্তের কবি-মানসের পরিচয় দাও।
- (খ) বাংলা আধুনিক নাট্যধারায় 'সওদাগরের নৌকা' নাটকের বিশেষত্ব আলোচনা করো।
- (গ) 'সুবর্ণলতা' উপন্যাসে সুবর্ণলতা চরিত্রের উত্তরণের কোনো রাস্তা কী লেখিকা দেখিয়েছেন তুমি মনে করো ? – যুক্তিসহ আলোচনা করো।
- (ঘ) ছোটগল্প হিসেবে 'বৈয়াকরণ' গল্পের সার্থকতা বিচার করো।

—x—